

## অনলাইনে EIIN এর জন্য আবেদন ফরম পূরণে করণীয়

- (১) অনলাইন EIIN আবেদন ফরম পূরণের পূর্বে শিক্ষা প্রতিষ্ঠানের ছবি Scan করুন, ছবির রেজুলেশন সর্বোচ্চ ১০২৪ x ১০২৪ pixel এবং .jpg ফরমেটে হতে হবে।
- (২) শিক্ষা মন্ত্রণালয়ের পাঠদানের সম্মতিপত্র, শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিপত্রের কপি, মহাপরিচালক ব্যানবেইস বরাবর EIIN এর জন্য আবেদনের কপি আলাদা আলাদা ফাইলে .pdf ফরমেটে Scan করতে হবে।
- (৩) ব্যানবেইস জরিপের তথ্য ছক পূরণ করার পর তাতে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং জেলা শিক্ষা অফিসারের প্রতिस্বাক্ষর গ্রহণ করে সম্পূর্ণ ফরম .pdf ফরমেটে ১টি ফাইলে Scan করতে হবে। ফাইলের সাইজ কোন অবস্থাতেই ৫ MB এর বেশী হবে না।
- (৪) প্রতিষ্ঠানটির চার দিকের ৪টি সমজাতীয় শিক্ষা প্রতিষ্ঠানের EIIN, প্রতিষ্ঠানের সঙ্গে দূরত্ব ও দিক। সংগ্রহ করে অনলাইনে এন্ট্রি করতে হবে।
- (৫) প্রতিষ্ঠানের অক্ষাংশ ও দ্রাঘিমাংশ সংগ্রহ করে অনলাইন এ এন্ট্রি করতে হবে। এক্ষেত্রে পরবর্তী পৃষ্ঠায় বিস্তারিত বর্ণনা অনুসরণ করতে হবে।
- (৬) অনলাইন EIIN ফরম পূরণ করে আবেদন ও কাগজপত্র [www.banbeis.gov.bd](http://www.banbeis.gov.bd) এর মধ্যে অনলাইন EIIN এ সাবমিট করতে হবে। আবেদন সাবমিট হওয়ার সঙ্গে সঙ্গে প্রতিষ্ঠানের মোবাইল নম্বরে SMS মাধ্যমে ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড চলে যাবে। পরবর্তিতে অনলাইনে ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আবেদনের অবস্থান জানা যাবে।
- (৭) আবেদনের অবস্থা জানতে এবং EIIN সনদ সংগ্রহ করার জন্য ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড সংরক্ষণ করতে হবে।
- (৮) চূড়ান্ত অনুমোদনের পর পুনরায় EIIN সহ মোবাইলে SMS যাবে। [www.banbeis.gov.bd](http://www.banbeis.gov.bd) সাইটে অনলাইন EIIN এ Click করতে হবে। Institute Tracking Menu তে click করে পূর্বে প্রেরিত ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড দিয়ে EIIN সনদ প্রিন্ট করা যাবে।
- (৯) এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও UITRCE এর সহকারী প্রোগ্রামারের সহযোগিতা পাওয়া যাবে।


আবেদনকৃত দরখাস্ত আপনার প্রতিষ্ঠানের মোবাইলে ফেরত বার্তা গেলে করণীয়ঃ

- ❖ [www.banbeis.gov.bd](http://www.banbeis.gov.bd) সাইটে অনলাইন EIIN এ Click করতে হবে। Institute Tracking Menu তে Click করে পূর্বের প্রেরিত ট্র্যাকিং নম্বর ও পাসওয়ার্ড দিয়ে প্রবেশ করুন। উপরে ডান কোণায় EDIT বাটনে Click করে প্রয়োজনীয় কাজ শেষ করে Submit বাটনে Click করুন।

বিঃ দ্রঃ স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা, স্বতন্ত্র কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বেসিক ৩৬০ ঘন্টার ট্রেনিং সেন্টার ও ইংলিশ মিডিয়াম স্কুলের EIIN প্রদান করা হয় না।


## নতুন শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এর জন্য Latitude এবং Longitude নির্ণয়:

প্রথমে আপনার প্রতিষ্ঠানের মাঠের মাঝখানে বা খোলা জায়গায় দাড়ান। মাঠ কিংবা খোলা জায়গা না থাকলে প্রতিষ্ঠানের ছাদে দাড়াতে হবে > আপনার স্মার্ট ফোনটির মোবাইল ডাটা চালু করুন > আপনার মোবাইলের লোকেশন অপশনটি চালু আছে কিনা দেখে নিন। চাল না থাকলে চালু কর নিন > গুগল ম্যাপ অ্যাপ টিতে ক্লিক করে অপেক্ষা করুন > গুগল ম্যাপ এ আপনার প্রতিষ্ঠানের অবস্থান দেখাবে, চিত্র-১ এর ন্যায় তীর চিহ্নিত (গোল ছোট নীল রং এর বৃত্ত) > এরপর চিত্র-১ এর ন্যায় আপনার মোবাইলের নীল রঙের বৃত্তটিতে চাপ দিলে আপনার প্রতিষ্ঠানের অবস্থান আরো নিকটে দেখাবে > এরপর নীল রং এর গোল অবস্থানে (চিত্র-২ এর তীর চিহ্নযুক্ত স্থানে) চাপ দিয়ে ২-৩ সেকেন্ড ধরে রাখুন > মোবাইল এর উপরে গুগল ম্যাপস এ সার্চ অপশনে (চিত্র-২ এর উপরে বক্স এর ন্যায় মার্ক করা) কমা(,) দিয়ে পৃথক করা দুইটি মান আসবে > মান দুইটি লিখে রাখুন অথবা স্ক্রীন সট দিয়ে ছবি তুলে রাখুন > এই দুইটি মান আপনার প্রতিষ্ঠানের ভৌগলিক অবস্থান (অক্ষাংশ ও দ্রাঘিমাংশ)। প্রতিষ্ঠানের বিভিন্ন দাপ্তরিক কাজে এ মান দুটি ব্যবহারের জন্য সংরক্ষণ করুন। ব্যানবেইস EIIN প্রাপ্তির কাজে ব্যবহৃত Software এ Latitud লিখিত স্থানে কমা(,) দিয়ে পৃথক কৃত মানের প্রথম অংশটি লিখুন longitude এ দ্বিতীয় অংশটি লিখুন



চিত্র-১

উদাহরণ



চিত্র-২